

২রা সেপ্টেম্বর ইসলামী  
বিশ্ববিদ্যালয়ে ক্লাস  
শুরু

ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া,  
৩০ আগস্ট (বিশ্ববিদ্যালয় রিপোর্ট-  
টার)।- আগামী ২রা সেপ্টেম্বর  
১৯৯০-৯১ সেশনের ইসলামী  
বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের দ্বিতীয়  
প্রথম বর্ষের ক্লাস শুরু হবে।

এই বিশ্ববিদ্যালয়টি গাজীপুর  
থেকে কুষ্টিয়ায় স্থানান্তরে পর ১৯৮৯-  
৯০ সেশনে কোন বিভাগে কোন ছাত্র  
ভর্তি করা হয়নি। কুষ্টিয়ায় নেয়ার পর  
এবারই প্রথম ভর্তি প্রক্রিয়া শুরু হল  
এবং সেসনকার এটাই প্রথম ব্যাচ।  
এবারই প্রথম ইসলামী বিশ্ববিদ্যালয়ে  
ছাত্রদের পাশাপাশি ছাত্রীরা ভর্তির  
সুযোগ পেয়েছে। তাছাড়া এ সেশনে  
ইসলামিক বিষয়গুলো ছাড়া অন্যান্য  
সাধারণ বিষয়ে বেশ কিছু সংখ্যক  
হিন্দু ছাত্র ভর্তি হয়েছে বলেও জানা  
যায়।

উন্নয়ন পরিষদ গঠিত

প্রবীণ শিক্ষাবিদ অধ্যক্ষ মোঃ  
আবদুস সাত্তারকে আহ্বায়ক এবং  
অধ্যাপক সিরাজুল হক, মুহাম্মদ  
আলী, শামসুল আলম স্বপন ও আতিক  
আল-হেলালকে যুগ্ম আহ্বায়ক করে  
৩৫ সদস্য বিশিষ্ট ইসলামী  
বিশ্ববিদ্যালয় উন্নয়ন পরিষদ গঠিত  
হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের যে কোন  
অনিয়ম, ছাত্রদের সেশন ছুট ইত্যাদি  
দূরীকরণ এবং 'মূল' ক্যাম্পাসে  
পূর্ণাঙ্গরূপে বিশ্ববিদ্যালয়কে প্রতিষ্ঠিত  
করার বিভিন্ন বিষয়ে কর্মসূচী পালন ও  
ভূমিকা গ্রহণের লক্ষ্যে এ পরিষদ গঠিত  
হয় বলে পরিষদের এক সংবাদ  
বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

৩০

10